# বাংলাদেশ ওভারসিজ এমপ্লয়মেন্ট অ্যান্ড সার্ভিসেস লিমিটেড (বোয়েসেল)

প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়

"বোয়েসেল নৈতিক, নিরাপদ ও দক্ষ অভিবাসন নিশ্চিত করে"

স্থাপিত - ১৯৮৪

BOESL

# সরকারিভাবে জর্ডানে গার্মেন্টস-এ দক্ষ পুরুষ কর্মী নিয়োগে সরাসরি সাক্ষাৎকার।

**বিজ্ঞপ্তি নং-৪৯.০২.০০০০.০০০.০০০.০৫.০০০৬.২৬/১৯১৫** **তারিখ: ২১.০৭.২০২৬**

**বোয়েসেল-এর মাধ্যমে জর্ডানস্থ Kanzen Sewing Industries Co -এর অধীনে নিম্নবর্ণিত পদে দক্ষ পুরুষ গার্মেন্টস কর্মী নিয়োগ করা হবে:**

| ক্র.নং | পদের নাম | পদের সংখ্যা | মাসিক মূল বেতন | অনলাইন আবেদনের লিংক: https://brms.boesl.gov.bd/ (অনলাইনে আবেদনের ক্ষেত্রে আবেদনকারীকে অবশ্যই আবেদন ফি বাবদ ১০০ টাকা ও চার্জ পরিশোধ করে আবেদন করতে হবে)। |
|---|---|---|---|---|
| ০১ | মেশিন অপারেটর | ২৫ জন | ১৮৪ মার্কিন ডলার | |
| ০২ | কোয়ালিটি চেকার | ০৫ জন | ১৮৪ মার্কিন ডলার | |
| ০৩ | ক্লিনার | ০২ জন | ১৮৪ মার্কিন ডলার | |

**অভিজ্ঞতা ও বয়স:**

(১) মেশিন অপারেটর প্রার্থীদের কানসাই, অটো লুপ শাটার এবং বোক মেশিনের অভিজ্ঞতা থাকতে হবে (যেকোন দুটি মেশিনের কাজের ভিডিও মোবাইল ফোনে ধারণ করে বাধ্যতামূলক সাথে নিয়ে আসতে হবে)।

(২) কোয়ালিটি চেকার ও ক্লিনার প্রার্থীদের ৫ বছরের বাস্তব কাজের অভিজ্ঞতা থাকতে হবে।

(৩) **প্রার্থীদের বয়স ২০-৩৫ বছরের মধ্যে হতে হবে।**

**চাকরির শর্তাবলি:**

(১) দৈনিক ০৮ (আট) ঘন্টা ডিউটি, সপ্তাহে ০৬ (ছয়) দিন এবং ওভারটাইম (স্বেচ্ছাধীন)।

(২) চাকরির চুক্তি ০৩ (তিন) বছর (নবায়নযোগ্য)।

(৩) নিয়োগকর্তা কর্তৃক থাকা, খাওয়া ও প্রাথমিক চিকিৎসা এবং যাতায়াত ব্যবস্থা করা হবে।

(৪) চাকরিতে যোগদানের বিমান ভাড়া এবং তিন বছর চাকরি শেষে দেশে ফেরত আসার বিমান ভাড়া নিয়োগকর্তা বহন করবে।

(৫) যাদের বিরুদ্ধে দেশে বা জর্ডানে কোনো মামলা আছে, তারা নিয়োগের অনুপযুক্ত বলিয়া গণ্য হবেন।

(৬) অন্যান্য শর্ত জর্ডানের শ্রম আইন অনুযায়ী প্রযোজ্য হবে।

**বোয়েসেল-এর সার্ভিস চার্জ ও অন্যান্য খরচ:**

নির্বাচিত কর্মীদের বোয়েসেল-এর সার্ভিস চার্জ, বর্হি:গমন ট্যাক্স, ১৫% ভ্যাট, বোয়েসেল-এর রেজিস্ট্রেশন ফি, স্মার্টকার্ড ফি, ওয়েজ আর্নার্স কল্যাণ ফি এবং মেডিকেল টেস্ট ফি বাবদ সমুদয় খরচ জর্ডানের নিয়োগকারী প্রতিষ্ঠান বহন করবে। তবে, মেডিকেল ফি ১০০০ টাকা, পিডিও প্রশিক্ষণ ফি ৩০৫ টাকা, ফিঙ্গার প্রিন্ট ফি বাবদ ২০০ টাকা ও অঙ্গীকারনামা স্ট্যাম্প বাবদ ৫০০ টাকা আপাতত নির্বাচিত কর্মীদের বহন করতে হবে, যা পরবর্তীতে জর্ডানে চূড়ান্তভাবে গমনকৃত কর্মীদের নিয়োগকারী প্রতিষ্ঠান কর্তৃক পরিশোধ করা হবে।

**সাক্ষাৎকারের সময় যা অবশ্যই সঙ্গে আনতে হবে:**

(১) ০৪ কপি পাসপোর্ট সাইজ রঙিন ছবি (ব্যাক গ্রাউন্ড সাদা), (২) মূল পাসপোর্ট ও মূল পাসপোর্টের ছবিযুক্ত অংশের ০১ (এক) সেট রঙিন ও ০৪ (চার) সেট সাদাকালো ফটোকপি, (৩) বর্তমানে অফিসের পরিচয়পত্র/হাজিরা কার্ড, (৪) শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদ (যদি থাকে) (৫) ভোটার আইডির কপিসহ উল্লিখিত সমুদয় কাগজপত্র সাথে নিয়ে আগ্রহী প্রার্থীদের আগামী **২৪ জুলাই, ২০২৬ তারিখ,** রোজ শুক্রবার, সকাল ০৮:০০ ঘটিকার মধ্যে সাক্ষাৎকার/টেস্ট প্রদানের জন্য **মহিলা কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র** দারুস-সালাম রোড, মিরপুর, ঢাকা-১২১৬, এ উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। এ সংক্রান্ত কোন তথ্যের জন্য **০২-৪৮৩১৯১২৫, ০২-৪৮৩১৭৫১৫** ও **০২-৫৮৩১১৮৩৮** টেলিফোন নম্বরে যোগাযোগ করা যেতে পারে। এছাড়াও প্রবাসবন্ধু কল সেন্টার ১৬১৩৫ তে যোগাযোগ করা যেতে পারে।

**বি.দ্র.:** অনলাইনে আবেদন আপনাকে ইন্টারভিউতে অংশগ্রহণের সুযোগ তৈরি করে দিবে, তবে চাকুরির নিশ্চয়তা বহন করবে না। চাকুরির জন্য আপনাকে অবশ্যই নির্ধারিত ট্রেড এর টেস্ট/যোগ্যতা প্রমাণের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। উল্লেখ্য যে, অনলাইনে আবেদন ব্যতীত সরাসরি পরীক্ষায় অংশগ্রহণের সুযোগ নেই।

**অনলাইনে আগামী ২২ জুলাই ২০২৬ তারিখ সকাল ১০:০০ টা হতে ২৩ জুলাই ২০২৬ বিকাল ০৪:০০ টা পর্যন্ত আবেদন করা যাবে। উল্লেখিত তারিখ ও সময়ের আগে/পরে আবেদন করার কোন সুযোগ নেই।**

**আবেদনের ক্ষেত্রে আগে আসলে আগে পাবেন ভিত্তিতে বিবেচিত হবেন,**

**নির্ধারিত সংখ্যক আবেদন জমা হওয়ার পর আবেদন লিংকটি স্বয়ংক্রিয়ভাবে বন্ধ হয়ে যাবে।**

**বিএমইটি পরিচালিত কারিগরি প্রশিক্ষণ কেন্দ্র হতে সংশ্লিষ্ট ট্রেডে প্রশিক্ষিত সনদধারীদের অগ্রাধিকার দেয়া হবে।**

(চূড়ান্তভাবে কর্মী নির্বাচন না হওয়া পর্যন্ত বোয়েসেল-কে কোন ফি প্রদান করতে হয় না এবং সকল ফি/চার্জ ব্যাংকের মাধ্যমে প্রদান করতে হয়)

২১/০৭/২৬

নু-এমং মার্মা
উপ-মহাব্যবস্থাপক
বোয়েসেল

ISO 9001: 2015


**অফিস ঠিকানা :**

প্রবাসী কল্যাণ ভবন (৫ম তলা)
৭১-৭২, ইস্কাটন গার্ডেন
রমনা, ঢাকা-১০০০, বাংলাদেশ।

**যোগাযোগ নম্বর :**

ফোন : +৮৮-০২-৪৮৩১৯১২৫ (পিএবিএক্স)
মোবাইল : +৮৮-০১৭৬৫৪১১৬৫৩
ই-মেইল : info@boesl.gov.bd
ওয়েব : www.boesl.gov.bd

রবিবার থেকে বৃহস্পতিবার (সরকারি ছুটির দিন ব্যতিত) সকাল ৯.০০ টা থেকে বিকাল ৪.০০ টা।